

# ঢাবির বিশেষ সমাবর্তনের নতুন তারিখ ঘোষণা

ঢাবি প্রতিবেদক

১৭ অক্টোবর ২০২৩, ০৭:১৩ পিএম



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিশেষ সমাবর্তন আগামী ২৬ অক্টোবর অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও তা পিছিয়ে ২৯ অক্টোবর নির্ধারণ করা হয়েছে। আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দৈনিক আমাদের সময়কে বিষয়টি নিশ্চিত করেছেন।

উপাচার্য জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন আগামী ২৯ অক্টোবর বিকেল সাড়ে ৩টায় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হবে। তবে তিনি তারিখ পরিবর্তনের কোনো কারণ জানাননি।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার আমাদের সময়কে বলেন, প্রধানমন্ত্রীর দপ্তর থেকে একটা চিঠি এসেছে। সেখানে প্রধানমন্ত্রী ইচ্ছা প্রকাশ করেছেন ২৯ অক্টোবর সমাবর্তনে উপস্থিত থাকবেন। যেহেতু তারিখ পরিবর্তন হয়েছে তাই আমরা সেই মর্মে রাষ্ট্রপতির অনুমতির জন্য স্মারক পাঠিয়েছি।

সমাবর্তনে স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সম্মানসূচক ‘ডক্টর অব লজ’ (মরণোত্তর) ডিগ্রি প্রদান করা হবে। সভাপতিত্ব করবেন রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মো. সাহাবুদ্দিন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন। বঙ্গবন্ধুর পক্ষে সম্মানসূচক ‘ডক্টর অব লজ’ (মরণোত্তর) ডিগ্রি গ্রহণ করবেন তার কনিষ্ঠ কন্যা শেখ রেহানা।

উল্লেখ্য, চলতি বছরের ১৭ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় অক্টোবরে বিশেষ সমাবর্তনের সিদ্ধান্ত হয়। এর আগে, ২০১৯ সালের ২০ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ জাতীয় কমিটি ও জাতীয় বাস্তবায়ন কমিটির যৌথ সভায় বঙ্গবন্ধুকে মরণোত্তর সম্মানসূচক পিএইচডি ডিগ্রি দেওয়ার এই প্রস্তাব উপস্থাপন করেন জাতীয় কমিটির সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ।

ঢাকা বিশ্ববিদ্যালয়    সমাবর্তন    রাষ্ট্রপতি    মো. সাহাবুদ্দিন    বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান